

উপজেলা পরিষদ

তিতাস, কুমিল্লা।

তিতাস উপজেলা পরিষদে সেপ্টেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণীঃ
(সভা নং- ১১/২০২০)



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম ও শহরের উন্নতি”

সভাপতি : জনাব মোঃ পারভেজ হোসেন সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১০/০৯/২০২০ খ্রি.
সময় : বেলা ১১-০০ ঘটিকা
উপস্থিত সদস্যবর্গ : পরিশিষ্ট

সভাপতি সভায় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

০১. বিগত সভার কার্যবিবরণীর দৃষ্টিকরণঃ আলোচ্যসূচি মোতাবেক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্তে কোন সংযোজন/বিরোধ না থাকায় বিগত মাসের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

০২) বিভাগীয় কার্যক্রমের আলোচনা :

২.১) স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ : (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) ২০২০-২০২১ইং অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর ১ম কিঙ্কির বরাদ্দ পাওয়া গিয়াছে। ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন।

(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গ্যাজেট প্রকাশিত Road Inventory এর অন্তর্ভুক্ত নিম্নে বর্ণিত ৩টি সড়কের দৈর্ঘ্য অপেক্ষা বর্তমান বাস্তব দৈর্ঘ্য বেশী হওয়ায় Road Inventory তে উল্লেখিত সড়ক সমূহের দৈর্ঘ্য সংশোধন প্রয়োজন :-

ক্রঃ নং	সড়কের আইডি নং	সড়কের নাম	Inventory তে দৈর্ঘ্য	সংশোধিত দৈর্ঘ্য
১	৪১৯৮৯২০০২	বাতাকান্দি জিসি-দাউদকান্দি জিসি ভায়া মোহনপুর লঞ্চঘাট সড়ক (তিতাস অংশ)।	৯.৪৩ কিঃমিঃ	১১.৫০ কিঃমিঃ
২	৪১৯৮৯৪০০২	কালাইগোবিন্দপুর- শ্রীনারায়নকান্দি সড়ক।	২.০০ কিঃমিঃ	২.০০ কিঃমিঃ
৩	৪১৯৮৯৫০১৩	আফজলকান্দি দুদারাঘাট- আফজলকান্দি বেড়ীবাধ সড়ক।	০.৬০ কিঃমিঃ	১.৫০ কিঃমিঃ

সিদ্ধান্ত : সভায় সড়ক ০৩টির বিষয়ে দৈর্ঘ্য বৃদ্ধির লক্ষ্যে সকলে একমত পোষন করেন এবং উপজেলা প্রকৌশলীকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তিতাস উপজেলার নিম্নে বর্ণিত সড়ক সমূহ Road Inventory তে অন্তর্ভুক্ত না থাকায় উন্নয়নের স্বার্থে নতুন করে অন্তর্ভুক্তিকরণ প্রয়োজন :-

ক্রঃ নং	আইডি নং (প্রস্তাবিত)	সড়কের নাম	দৈর্ঘ্য কিঃমিঃ	মন্তব্য
০১	৪১৯৮৯৪০৫৩	হোমনা-গৌরীপুর সড়ক হইতে কড়িকান্দি সড়ক।	২.০০	
০২	৪১৯৮৯৪০৫৪	হোমনা-গৌরীপুর সড়কের কলাকান্দি গ্রাম হইতে কানাইনগর পর্যন্ত সড়ক।	৪.০০	
০৩	৪১৯৮৯৪০৫৫	হোমনা-গৌরীপুর সড়কের বন্দরামপুর নয়াকান্দি সংযোগ সড়ক হইতে ইউসুফপুর পর্যন্ত সড়ক।	৩.০০	
০৪	৪১৯৮৯৪০৫৬	রাজাপুর হইতে তিতাস নদীর নতুন চর পর্যন্ত সড়ক।	৩.০০	
০৫	৪১৯৮৯৪০৫৭	হোমনা-গৌরীপুর সড়ক থেকে শোলাকান্দি ভায়া পাওয়ার হাউজ পর্যন্ত সড়ক।	২.০০	
০৬	৪১৯৮৯৪০৫৮	হোমনা-গৌরীপুর সড়কের শোলাকান্দি হইতে দড়িকান্দি ক্যামব্রিয়ান স্কুল সড়ক।	২.০০	
০৭	৪১৯৮৯৪০৫৯	খলিলাবাদ-নয়াচর সড়ক।	২.০০	
০৮	৪১৯৮৯৪০৬০	নারান্দিয়া সুইচ গেইট হইতে নয়াচর পর্যন্ত সড়ক।	২.০০	
০৯	৪১৯৮৯৪০৬১	বালুয়াকান্দি কাচারী বাজার-সোনাকান্দি সড়ক।	২.০০	
১০	৪১৯৮৯৪০৬২	তাড়িয়াকান্দি-সোনাকান্দি-নয়াকান্দি সড়ক।	২.০০	
১১	৪১৯৮৯৪০৬৩	খলিলাবাদ সড়ক হইতে বীর মুক্তিযোদ্ধা মনিরুল হক সাহেবের বাড়ী হয়ে চকের বাড়ী পর্যন্ত সড়ক।	২.০০	
১২	৪১৯৮৯৪০৬৪	দুর্লভদী মাছিমপুর বাজার হইতে রায়পুর মসজিদ ভায়া মঙ্গলকান্দি ফাজিল মাদ্রাসা পর্যন্ত সড়ক।	২.০০	
১৩	৪১৯৮৯৪০৬৫	বাতাকান্দি মাছিমপুর সড়ক হইতে দক্ষিণ আকালিয়া পশ্চিম পাড়া হয়ে উত্তর চকের সড়ক।	২.০০	
১৪	৪১৯৮৯৪০৬৬	হোমনা-গৌরীপুর সড়ক হইতে কলাকান্দি মনাইরকান্দি সড়ক।	২.০০	
১৫	৪১৯৮৯৪০৬৭	মাছিমপুর খানে বাড়ী সড়ক হইতে দড়িমাছিমপুর চকের বাড়ী হয়ে মনাইরকান্দি বাজার পর্যন্ত সড়ক।	২.০০	
১৬	৪১৯৮৯৪০৬৮	মাছিমপুর রায়পুর সড়ক হইতে দাসকান্দি সড়ক।	২.০০	
১৭	৪১৯৮৯৪০৬৯	কেশবপুর - সাগরফেনা সড়ক।	২.০০	

সিদ্ধান্ত : সভায় উপরোক্ত সড়ক সমূহ উন্নয়নের স্বার্থে Road Inventory তে নতুন করে অন্তর্ভুক্তিকরণ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫৫